

কেমন সহজ আমি

যদি কথা দাও
তবেই বাঁচবো
ভরসা আর বাঁচা সমার্থক।
যদি কাছে ডাকো
তবেই যাবো
আমন্ত্রণ আর অতিথি মানানো।
যদি পাশে রাখো মুখ
তবেই কথা বলবো
গভীরতা আর শব্দ মধুর।
যদি মুখ ফিরাও
তবেই ফিরবো
অভিমান।

অঞ্জন নায়ক

